# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ময়মনসিংহ

www.mymensingheducationboard.gov.bd

নথি নং-কলেজ শাখা/JAMALPUR/১০৯৮৫৬/৩৩২৮ তারিখঃ ১২/০৮/২০২৫ খ্রি.

সূত্র: তাঁর ২৬-০৬-২০২৪ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার ইসলামপুর উপজেলাধীন "Malamgonj Model College"- এর উচ্চমাধ্যমিক পর্যায়ে অস্থায়ী একাডেমিক স্বীকৃতির সময়সীমা নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ও শাখা এবং বিষয় সমূহসহ ০১/০৭/২০২৪ খ্রি. হতে ৩০/০৬/২৭ খ্রি. তারিখ পর্যন্ত মোট ০৩ (তিন) বছরের জন্য বৃদ্ধি করা হলো।

| শাখা সমূহ | আবশ্যিক বিষয় | শাখা ভিত্তিক বিষয় | | |
|---|---|---|---|---|
| | | বিজ্ঞান শাখা | মানবিক শাখা | ব্যবসায় শিক্ষা শাখা |
| ১. বিজ্ঞান<br>২. মানবিক<br>৩. ব্যবসায় শিক্ষা | ১. বাংলা<br>২. ইংরেজি<br>৩. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ১. পদার্থ বিজ্ঞান<br>২. রসায়ন<br>৩. জীব বিজ্ঞান<br>৪. উচ্চতর গণিত | ১. পৌরনীতি ও সুশাসন<br>২. অর্থনীতি<br>৩. সমাজকর্ম<br>৪. যুক্তিবিদ্যা<br>৫. ইসলাম শিক্ষা<br>৬. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>৭. কৃষি শিক্ষা | ১. হিসাব বিজ্ঞান<br>২. ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা<br>৩. উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন |

## শর্তসমূহ:

১. উচ্চমাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীর সংখ্যা ও ফলাফল কাম্য পর্যায়ে উন্নীত করতে হবে।
২. কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারন তহবিলে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা সব সময় জমা রাখতে হবে।
৩. কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/-(চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
৪. শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেওয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে।
৫. প্রতি পঞ্জিকাবর্ষে প্রতি ০৩(তিন) মাসে গভর্নিং বডির ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা-২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।
৬. ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিও ভুক্ত করা যাবে না।
৭. কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না।
৮. উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না।
৯. সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে।
১০. বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২২ অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরন করতে হবে।
১১. কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।
১২. শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ-১০জুন,১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বেসরকারী শিক্ষা প্রতষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
১৩. প্রত্যেক বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
১৪. কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে।
(ক) উপরিউক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট।
(খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট।
(গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১০,০০০/-(দশ হাজার) টাকা বোর্ডের সচিব এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমাদানের রশিদ।
(ঘ) উপরিউক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে।

অধ্যক্ষ
Malamgonj Model College, (EIIN-109856),
ইসলামপুর, জামালপুর।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাঃ
(প্রফেসর এস.এম. আরিফুর রহমান)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

নথি নং-কলেজ শাখা/JAMALPUR/১০৯৮৫৬/৩৩২৮ তারিখঃ ১২/০৮/২০২৫ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৪. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৫. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৬. এসিস্ট্যান্ট প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৭. পি.এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৮. অফিস কপি।

১২/০৮/২৫

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

১২.৮.২৫